BSAA Circular No. 149 /2022 Dt: 19-11-2022

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিষয়ঃ- চট্টগ্রাম বন্দর ব্যবহারকারীদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | রিয়ার অ্যাডমিরাল এম শাহজাহান<br>এনপিপি, বিসিজিএমএস, এনডিসি, পিএসসি, বিএন<br>চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| স্থান | ঃ | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর Conference রুম। |
| তারিখ | ঃ | ২৩/১০/২০২২ইং। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |

১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি প্রধানমন্ত্রীর দপ্তরের পরিচালক-১১, জনাব জাজরিন নাহার, নৌপরিবহন মন্ত্রণালয় এর প্রতিনিধি, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সকল কর্মকর্তা-কর্মচারী ও সকল স্টেকহোল্ডারদের সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। তিনি সভাকে অবহিত করেন যে, গত ২৮/০৭/২০২২ইং তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর মূখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী গত ০৫/০৯/২০২২ইং তারিখে স্টেকহোল্ডারদের সাথে ১ম সভা অনুষ্ঠিত হয়েছিল; তারই ধারাবাহিকতায় এই ২য় সভার আয়োজন করা হয়েছে।

তিনি বিগত ০৫/০৯/২০২২ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তের বিষয়ে কোন সংস্থার কোন প্রকার আপত্তি আছে কিনা তা জানতে চান এবং কারো আপত্তি না থাকলে উক্ত কার্যবিবরণী দৃঢ় করণের পক্ষে মত ব্যক্ত করেন।

২। এ বিষয়ে কাস্টম হাউস, চট্টগ্রাম এর প্রতিনিধি বলেন, গত ০৫/০৯/২০২২ইং তারিখ অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের ১৫.৩ অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে "NBR এর মাধ্যমে সংশ্লিষ্ট আমদানীকারকের লাইসেন্স বাতিলের ব্যবস্থা নেয়া হবে"। কিন্তু আমদানীকারকের লাইসেন্স বাতিলের বিষয়টি আমদানী-রপ্তানী নিয়ন্ত্রণ অধিদপ্তর এর এখতিয়ারাধীন। তাই তিনি উক্ত সিদ্ধান্তে NBR এর স্থানে আমদানী-রপ্তানী নিয়ন্ত্রণ অধিদপ্তর উল্লেখ করার জন্য অনুরোধ জানান।

৩। সভায় এফসিএল এবং এলসিএল পণ্য আমদানীর ক্ষেত্রে Standard Palletization এবং Standard Palletization এর ক্ষেত্রে আমদানীকারক, রপ্তানীকারক, শিপিং এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার, সিএন্ডএফ এজেন্ট, চেম্বারসহ সংশ্লিষ্ট সকলের দায়িত্ব বিভাজন এবং করণীয় সম্পর্কে বিভিন্ন এসোসিয়েশন এর প্রতিনিধিগণ বিস্তারিত আলোচনা করেন।

৪। চেয়ারম্যান, চবক মহোদয় Standard Palletizing এর বিষয়ে সকলকে তাদের গুরুত্বপূর্ণ মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, Standard Palletizing এর মূল উদ্দেশ্যেই হচ্ছে - পণ্য নিরাপদে হ্যান্ডলিং করে চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা নিশ্চিত করা। তাই তিনি এলসিএল এবং এফসিএল উভয় ক্ষেত্রে Standard Palletizing নিশ্চিত করে মালামাল আমদানী-রপ্তানীর বিষয়ে গুরুত্বারোপ করেন এবং সকলকে Standard Palletization অনুসরণের আহবান জানান। এ বিষয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক ইংরেজীতে সার্কুলার জারী করার জন্য তিনি পরিচালক (ট্রাফিক), চবককে নির্দেশনা প্রদান করেন।

চেয়ারম্যান, চবক মহোদয় এ পর্যায়ে গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে আলোচনা করার লক্ষ্যে পরিচালক (ট্রাফিক), চবককে পূর্বের সিদ্ধান্তগুলো সভায় উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন।

৫। পরিচালক (ট্রাফিক), চবক উপস্থিত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়সহ সকল স্টেকহোল্ডারগণকে ধন্যবাদ জানিয়ে পূর্বের সভার সিদ্ধান্তগুলো সভায় উপস্থাপন করেন। উক্ত সিদ্ধান্ত সমূহের পরিপ্রেক্ষিতে বাস্তবায়নকারী সংস্থাসমূহ তাদের বক্তব্য উপস্থাপন করে।

BSAA 525
Received
Dated 16-11-22
Signature

৬। চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর প্রতিনিধি তাঁর বক্তব্যে সাপ্তাহিক ছুটি এবং সরকারী ছুটির দিনসমূহে বন্দর হতে মালামাল ডেলিভারী কম হওয়ার জন্য RTGS লেনদেনের কার্যক্রম বিকাল ৩.০০ ঘটিকার পর চালু না থাকা এবং শুক্র, শনি, রবিবার ও অন্যান্য সরকারী বন্ধের দিন বাংলাদেশ ব্যাংকের RTGS Server বন্ধ থাকাকে মূল কারণ হিসাবে উল্লেখ করেন। তিনি শুল্ক করাদি পরিশোধের সুবিধার্থে RTGS লেনদেনের সময়সূচী, সাপ্তাহিক ছুটি এবং সরকারী ছুটির দিনেও বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত চালু রাখার অনুরোধ জানান।

৭। এ বিষয়ে চেয়ারম্যান, চবক মহোদয় RTGS লেনদেনের সময়সূচী বৃদ্ধিকরণ এবং শুক্র, শনি, রবিবারসহ অন্যান্য সরকারী বন্ধের দিন বিশেষ ব্যবস্থা গ্রহণপূর্বক RTGS Server প্রতিদিন বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত চালু রাখার জন্য চট্টগ্রাম চেম্বার থেকে বাংলাদেশ ব্যাংক বরাবরে পত্র দেয়ার অনুরোধ জানান।

এছাড়াও চেয়ারম্যান, চবক মহোদয় সকল বাস্তবায়নকারী সংস্থাকে পূর্বের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য আহবান জানান। দ্রুত নিলাম কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনে ১ম Auction এ পণ্য বিক্রি না হলে পরবর্তী ২/১ দিনের মধ্যে পুনরায় অকশন করে পণ্য বিক্রির ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানিয়ে তিনি বলেন Regular Auction করা হলে দেশের মূল্যবান আমদানী পণ্য ধ্বংস করার পরিবর্তে মানুষের ব্যবহার উপযোগী থাকবে এবং এতে করে সরকারও রাজস্ব পাবে।

৮। কাস্টম হাউস, চট্টগ্রাম এর প্রতিনিধি উল্লেখ করেন যে, পূর্বের সভায় গৃহীত শুল্ক কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য শুল্ক কর্তৃপক্ষ সচেষ্ট আছে। অতি দ্রুতই সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করা হবে মর্মে তিনি সভাকে আশ্বস্ত করেন। তাছাড়া নিলাম কার্যক্রম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে শুল্ক কর্তৃপক্ষ কাজ করছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

৯। ISPS এর সাম্প্রতিক Audit এবং Audit Team কর্তৃক প্রদত্ত Observation এর বিষয় উল্লেখ করে চেয়ারম্যান মহোদয় সভাকে জানান যে, ISPS Compliance এর অংশ হিসেবে জেটি সাইড হতে এলসিএল কার্গো ডেলিভারী কার্যক্রম বন্ধ করার লক্ষ্যে বন্দর কর্তৃপক্ষ নতুন ফ্যাসিলিটি নির্মাণ এবং পূর্বের কিছু Facility-কে সংস্কার করে জেটি সাইড হতে কার্গো ডেলিভারী কার্যক্রম পর্যায়ক্রমে সরিয়ে নেয়ার উদ্যোগে হাতে নিয়েছে। তবে এ বিষয়ে একটি পক্ষ বন্দরের শ্রমিকদের নানাভাবে বিভ্রান্ত করছে। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার আহবান জানান। তিনি জানান যে, বন্দর যত দ্রুত নতুন নতুন ফ্যাসিলিটি তৈরী করবে তত বেশী নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। এর দ্বারা বন্দর ব্যবহারকারীরা উপকৃত হবে। বন্দরের Congestion কমবে এবং দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি বৃদ্ধি পাবে।

১০। পরিশেষে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১০.১। | সভায় সকলের সর্বসম্মতিক্রমে শুল্ক কর্তৃপক্ষের প্রতিনিধির প্রস্তাবনাসহ ০৫/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী অনুমোদিত হয়। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| ১০.২। | FCL/LCL Cargo-র ক্ষেত্রে প্রয়োজনীয় Standard Palletization নিশ্চিত করণের লক্ষ্যে নির্দেশনা প্রদান করে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ইংরেজীতে একটি সার্কুলার ইস্যু করবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| ১০.৩। | শিপিং এজেন্ট/ফ্রেইট ফরওয়ার্ডারগণ কর্তৃক Dangerous Cargo-বাহী আমদানী কন্টেইনার IGM এ যথাযথভাবে ঘোষণা করতে হবে। IMDG Code অনুযায়ী সংশ্লিষ্ট পণ্যের জন্য প্রযোজ্য DG Sticker কন্টেইনারের গায়ে সাঁটিয়ে আনতে হবে এবং সে অনুযায়ী জাহাজ হতে আনলোডিং এর ব্যবস্থা করতে হবে। | শিপিং এজেন্ট/ফ্রেইট ফরওয়ার্ডার এবং সংশ্লিষ্ট বার্থ অপারেটর/টার্মিনাল অপারেটর। |

| | | |
|---|---|---|
| ১০.৪। | ডকুমেন্টের জাল-জালিয়াতি প্রতিরোধে এবং গেইটে যানজট নিরসনে কাস্টমস্ এর স্ক্যানিং কর্মকর্তা কন্টেইনার Scanning হওয়ার পর Hard Copy-র পরিবর্তে Scanning Report এর Soft Copy-গুলো On Line এ গেইট কাস্টমকে প্রেরণ করবে এবং Scanning Report সঠিক প্রাপ্তি সাপেক্ষে গেইট কাস্টম পণ্য ছাড় দিবে। যানজট নিরসনের লক্ষ্যে পুরাতন স্ক্যানারসমূহ প্রতিস্থাপন করে নতুন স্ক্যানার স্থাপন করতে হবে এবং প্রত্যেক গেইটে স্ক্যানার স্থাপনের ব্যবস্থা নিতে হবে। | জাতীয় রাজস্ব বোর্ড ও চট্টগ্রাম কাস্টম হাউস। |
| ১০.৫। | চট্টগ্রাম বন্দর অভ্যন্তরস্থ পুরাতন অকশান গোলায় স্থিত পণ্য এবং বন্দর অভ্যন্তরে রক্ষিত অতি জরাজীর্ণ ৫৯ কন্টেইনার বিপদজনক পণ্য/পণ্যবাহী কন্টেইনার শুল্ক কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে ধ্বংস করার ব্যবস্থা নিবে। | শুল্ক কর্তৃপক্ষ। |
| ১০.৬। | সকল ধরণের নিলামযোগ্য বিপদজনক পণ্য ও পঁচনশীল পণ্য আমদানীর পর নির্ধারিত সময়ে খালাস না হলে তা শুল্ক কর্তৃপক্ষ প্রথম বিডেই নিলামের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ এবং প্রথম Bid এ সম্ভব না হলে স্বল্পতম সময়ে দ্বিতীয় নিলাম বা Spot Auction করার লক্ষ্যে প্রয়োজনীয় আইন সংশোধনের উদ্যোগ নিবে। | শুল্ক কর্তৃপক্ষ। |
| ১০.৭। | মিথ্যা ঘোষণা দিয়ে আনীত পণ্যের ক্ষেত্রে আমদানীকারকের বিরুদ্ধে শুল্ক কর্তৃপক্ষ কঠোর পদক্ষেপ গ্রহণ করবে। মিথ্যা ঘোষণা প্রমানিত হলে উক্ত আমদানীকারক যাতে ভবিষ্যতে আমদানী-রপ্তানী করতে না পারে সে ব্যাপারে শুল্ক কর্তৃপক্ষ আমদানী-রপ্তানী নিয়ন্ত্রক অধিদপ্তরের মাধ্যমে লাইসেন্স স্থগিত/বাতিলের ব্যবস্থা গ্রহণ করবে। | শুল্ক কর্তৃপক্ষ ও আমদানী-রপ্তানীকারক নিয়ন্ত্রক অধিদপ্তর। |
| ১০.৮। | সাপ্তাহিক ছুটির দিন ও সরকারী বন্ধের দিন আমদানীকারকগণ যাতে মালামাল ডেলিভারী নেয়ার জন্য শুল্ক করাদি পরিশোধ করতে পারে সে লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রতিদিন RTGS লেনদেনের সময়সীমা বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত চালু রাখা এবং সাপ্তাহিক ছুটি ও বন্ধের দিন সমূহে RTGS Server চালু রাখার অনুরোধ জানিয়ে চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি বাংলাদেশ ব্যাংক বরাবরে পত্র দিবে। | চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি। |
| ১০.৯। | এলসি খোলার সময় আমদানী পণ্যের সঠিক নাম ও বিবরণ উল্লেখ করার বিষয়টি নিশ্চিত করার জন্য বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | বাংলাদেশ ব্যাংক। |
| ১০.১০। | চট্টগ্রাম বন্দরের কার্যক্রম ২৪X৭ গতিশীল রাখতে সপ্তাহের অন্যান্য কর্ম দিবসের ন্যায় শুক্র, শনি, রবিবার ও অন্যান্য সরকারী বন্ধের দিন একই পরিমাণ পণ্য ডেলিভারীর জন্য কাস্টমস্ প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত রেখে কায়িক পরীক্ষা ও শুল্কায়ন চালু রাখবে এবং সংশ্লিষ্ট এজেন্ট কর্তৃক Delivery Order (DO) ইস্যুকরণসহ বিভিন্ন ব্যাংক ও অন্যান্য সংস্থাসমূহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, বিজিএমইএ, বিকেএমইএ ও বাফা। |
| ১০.১১। | এফসিএল এবং এলসিএল কার্গো শিপিং মার্ক অনুযায়ী আমদানী ও রপ্তানী করতে হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট এজেন্ট/আমদানীকারকগণ চবক হতে ইতিপূর্বে জারীকৃত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করবে। শিপিং মার্ক ছাড়া কোন পণ্য আমদানী অথবা রপ্তানী করলে ঐ এজেন্ট/আমদানীকারকের বিরুদ্ধে চট্টগ্রাম বন্দর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | আমদানী-রপ্তানী নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম চেম্বার ও ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন। |

| | | |
|---|---|---|
| - | অথবা Existing Facility-কে Renovate করে এলসিএল পণ্য হ্যান্ডলিং উপযোগী করে তৈরী করবে। এ বিষয়ে সকল স্টেকহোল্ডারগণ বন্দর কর্তৃপক্ষকে সহযোগিতা প্রদান করবে। | স্টেকহোল্ডার। |
| ১০.১৩। | বন্দর অভ্যন্তরে Online Ticketing System ব্যবহারের মাধ্যমে ট্রাক ও কার্ভার্ড ভ্যান মালিক সমিতি এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহ গাড়ির প্রবেশ-বাহির নিশ্চিতকরণ উদ্যোগ নিবেন। | পরিচালক (নিরাপত্তা), চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, ট্রাক ও কার্ভার্ড ভ্যান মালিক সমিতি এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহ। |
| ১০.১৪। | বাংলাদেশ নেভী কর্তৃক ডেলিভারী Not Recommended/On Chasis সংরক্ষণের জন্য অনুমতি প্রাপ্ত DG Container অঙ্গীকারনামা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ডেলিভারী না নিলে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট/আমদানীকারকের উপর প্রতিদিন প্রতি কন্টেইনারের জন্য ১০,০০০/- টাকা হারে জরিমানা আরোপ করা হবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| ১০.১৫। | চট্টগ্রাম বন্দরে ইয়ার্ড ভিত্তিক ইক্যুইপমেন্ট ব্যবস্থাপনা এবং অপারেটরগণের Hot Seat Exchange এর ব্যবস্থা করা হবে। Hot Seat Exchange ও বার্থ অপারেটর এবং টার্মিনাল অপারেটরগণ কর্তৃক মালামাল খালাসের বিষয়ে মনিটরিং এর জন্য বর্তমানে যে মনিটরিং কমিটি কাজ করছে। উক্ত কমিটির কার্যক্রম আরো জোরদার করা হবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন এর প্রতিনিধি, বার্থ অপারেটরের প্রতিনিধি, টার্মিনাল অপারেটর এর প্রতিনিধি এবং মনিটরিং কমিটি। |
| ১০.১৬। | পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর কর্তৃক বন্দরের স্টেকহোল্ডারদের জনবলসহ বন্দরের সকল কর্মকর্তা-কর্মচারীকে অগ্নি-নির্বাপণের উপর প্রশিক্ষণ প্রদান অব্যাহত থাকবে। | পরিচালক(নিরাপত্তা),চবক ম্যানেজার (ট্রেনিং), চবক। |
| ১০.১৭। | চট্টগ্রাম বন্দরে অগ্নিকান্ড, নাশকতা, বিস্ফোরণ ও অন্তর্ঘাতমূলক কর্মকান্ড প্রতিহত করার লক্ষ্যে প্রয়োজনীয় সার্বিক নিরাপত্তামূলক ব্যবস্থা জোরদার করতে হবে। সকল স্টেকহোল্ডার তাদের স্ব-স্ব অবস্থানে থেকে চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা নিশ্চিতে কাজ করবে। | পরিচালক (নিরাপত্তা), চবক। |

আলোচনা শেষে চেয়ারম্যান, চবক মহোদয় বন্দরের Operational কার্যক্রম ২৪X৭ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সকলকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের অনুরোধ করেন এবং বন্দরের সার্বিক নিরাপত্তা নিশ্ছিদ্র করতে অগ্নিকান্ড, বিস্ফোরণ নাশকতা, ও অন্তর্ঘাতমূলক কর্মকান্ড প্রতিহত করার লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

চেয়ারম্যান
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-ডিটি/শিপ/মন্ত্রী পরিষদ সভা/ কার্যবিবরনী/২২/২৫৬৯৭ তারিখ- ১৬/১১/২০২২ইং।

অনুলিপি- জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) -

১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সকল সদস্য, চবক।

৩। পরিচালক-১১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।

৪। কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম।

৫। পরিচালক (প্রশাসন), চবক।

৬। পরিচালক (নিরাপত্তা), চবক।

৭। ডেপুটি কনজারভেটর, চবক।

৮। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক।

৯। প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক।

১০। প্রধান প্রকৌশলী, চবক।

১১। চীফ হাইড্রোগ্রাফার, চবক।

১২। পরিচালক (বিদ্যুৎ), চবক।

১৩। প্রধান নিরীক্ষা কর্মকর্তা, চবক।

১৪। ডেপুটি ম্যানেজার (এস্টেট), চবক।

১৫। সচিব, চবক।

১৬। চীফ প্ল্যানিং, চবক।

১৭। প্রধান নিরীক্ষা কর্মকর্তা, চবক।

১৮। উপ-প্রধান প্রকৌশলী (মেরিণ), চবক।

১৯। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (প্রশাসন), চবক।

২০। টার্মিনাল ম্যানেজার, চবক।

২১। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক।

২২। পি এস টু চেয়ারম্যান, চবক - চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

২৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, কোতোয়ালী, চট্টগ্রাম।

২৪। কমান্ডার বি. এইচ সিরাজী, ডেঞ্জারার্স গুডস্ কন্ট্রোল সেন্টার, বিএন, চট্টগ্রাম।

২৫। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

২৬। প্রথম ভাইস প্রেসিডেন্ট, বিজিএমইএ, বিজিএমইএ ভবন (লেভেল-৪ ও ৫), ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।

২৭। সহ-সভাপতি, বিকেএমইএ, চেম্বার ভবন (৫ম তলা), ৩৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

২৮। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, মক্কা মদিনা ট্রেড সেন্টার (এমএমটিসি), ৩য় তলা, ৩৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

২৯। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, এসএইচআর টাওয়ার, বাদামতলীর মোড়, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৩০। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা), আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০) (যমুনা ভবনের পার্শ্বে), ১৭২৮, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

৩১। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, ১২ তলা, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

৩২। চেয়ারম্যান, বার্থ অপারেটরস্, শিপ হ্যান্ডলিং অপারেটরস এন্ড টার্মিনাল অপারেটরস্ ওনার্স এসোসিয়েশন, ছাবের প্লাজা (২য় তলা), স্ট্র্যান্ড রোড, চট্টগ্রাম।

৩৩। চেয়ারম্যান, বাংলাদেশ শিপ হ্যান্ডলিং এন্ড বার্থ অপারেটরস্ এসোসিয়েশন, ১০৫, হোসেন চেম্বার, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৩৪। ব্যবস্থাপনা পরিচালক, সাইফ পাওয়ারটেক লিঃ, মক্কা মদিনা টাওয়ার (১৮ তলা), ৭২ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

৩৫। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা), আকতারুজ্জামান সেন্টার (৭ম তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

৩৬। সভাপতি/সাধারন সম্পাদক, আন্তঃজিলা মালামাল পরিবহন সংস্থা ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতি, হাজী সৈয়দুর রহমান ম্যানশন, ৩৭৬, ডিটি রোড, কদমতলী, চট্টগ্রাম।

৩৭। সভাপতি/সাধারন সম্পাদক, চট্টগ্রাম প্রাইম মুভার ও ফ্লাটবেড ওনার্স এসোসিয়েশন, মাদ্রাসা বিল্ডিং (৪র্থ তলা), সিসিটি ১নং গেইট, নিউমুরিং, বন্দর, চট্টগ্রাম।

৩৮। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম বন্দর কর্মচারী পরিষদ, চট্টগ্রাম।

১৬/১১

পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ